

## সালেমা কৃষি বিজ্ঞান কেন্দ্র (ধলাই)



### কৃষি বিজ্ঞান কেন্দ্র ধলাই-এর ২০১৫-১৬ সালের কাজের পরিকল্পনা

#### কৃষি বিষয়ক

**ধান চাষ:-** অল্প সময়ে N.D.R-97 জাতের ধান চাষের পরিকল্পনা নেওয়া হয়েছে, এই ধানে রোগ, পোকা আক্রমণের সমীক্ষা করার জন্যে।

#### উদ্যান বিষয়ক

**টমেটো চাষ:-** টমেটো চাষের রোগ, পোকাকার আক্রমণ ও প্রতিকারের সমীক্ষা ও জাতের গুণাগুণের সমীক্ষা করা।

**ফুলকপি চাষ:-** ফুলকপি চাষের গুণাগুণ পরীক্ষা ও তার উন্নতি সাধন।

**শশা চাষ:-** শশা চাষে জীবানু সারের প্রভাব সম্পর্কে অনুসন্ধান।

**বেগুন চাষ:-** বেগুন চাষের আগাছা আক্রমণের অনুসন্ধান ও ক্ষতির পরিমাণ নিরূপণ করা।

**করলা চাষ:-** করলা চাষে ইথ্রেল (হরমোন) ১মিলি ১০লিটার জলে গুলে ব্যবহার করে তার সুফল ও কুফল গুলির পরীক্ষা করা।

**তরমুজ চাষ:-** উপজাতি কৃষকদেরকে তরমুজ চাষে উন্নত পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা করে উৎসাহিত করার জন্য প্রশিক্ষণ দেওয়া এবং উৎপাদিত সস্ত্রির বাজারজাত করার পন্থা পদ্ধতি নিয়ে আলোচনা করা।

## পশু পালন

ত্রিপুরার আবহাওয়ায় “নিউজিল্যান্ড হোয়াইট” এবং “সোভিয়েত সিলসিলা” জাতের গবাদি পশুর প্রতিপালন করে তার সুবিধা ও অসুবিধা গুলি নির্বাচন করে লিপিবদ্ধ করা।

**হাঁস চাষ:-** বেশী ডিম উৎপাদনকারী হোয়াইট প্যাকিং জাতের হাঁস খোলামেলা ভাবে চাষ করে তার সুবিধা ও অসুবিধা গুলি নিরূপণ করা এবং উৎপাদনের সমীক্ষা করা।

**মাছ চাষ:-** রুই মাছ চাষে হরমোন প্রয়োগ করে দ্রুত বৃদ্ধি করা যায় কিনা তার পরীক্ষা করা।

**মুরগী পালন:-** মুরগী প্রতিপালন করে স্বনির্ভর হওয়ার প্রশিক্ষণ দেওয়া।

**প্রশিক্ষণ:-** কৃষি, উদ্যান, পশুপালন, কৃষি সম্প্রসারণ সম্পর্কে নির্দিষ্ট সংখ্যক কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা ও প্রদর্শনীর ব্যবস্থা করা এবং বীজ উৎপাদন সম্পর্কে জ্ঞান দেওয়া।